দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 19 DEC 1988
পৃষ্ঠা 3 কলাম 5

128

110

# শিক্ষার উৎকর্ষই সামগ্রিক অগ্রগতির মানদণ্ড

—— অধ্যাপক মতিন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন বলেন, আধুনিক বিশ্বে শিক্ষার অগ্রগতিই সামগ্রিক অগ্রগতির মানদণ্ড। মেধা, বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষই এখন অগ্রযাত্রার সরণীতে বিভিন্ন দেশের অবস্থান নির্দেশ করে।

উপ-প্রধানমন্ত্রী শনিবার বিকালে সরকারী মতিঝিল হাইস্কুল মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতি

(৪র্থ পৃ: দ্র:)

## অধ্যাপক মতিন

(৩য় পৃ: পর)

ফেডারেশনের ঢাকা মহানগরী শাখার সম্মেলন উদ্বোধন করিতেছিলেন। অধ্যাপক জোনাব আলীর সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ও ফেডারেশনের মহাসচিব এ কে এম শহীদুল্লাহও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, শিক্ষাঙ্গনের সুন্দর পরিবেশের জন্য উন্নত ও সুস্থ ছাত্র-শিক্ষক সম্পর্ক অপরিহার্য। তবে তিনি বলেন, এজন্যে শিক্ষক সমাজকেই অগ্রণী ভূমিকা গ্রহণ করিতে হইবে, কারণ ছাত্র সমাজের ভবিষ্যৎ গড়িয়া তোলার অভিভাবকত্ব তাহাদের উপর অর্পিত। —তথ্য বিবরণী।